

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ  
অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ৬, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪২৮/০৩ জুন ২০২১

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-২৮৩।—জাতীয় সংসদের ২৭৫ লক্ষ্মীপুর-২ শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে ০৪ মার্চ ২০২১ তারিখে ১৭.০০.০০০০. ০৩৪.৩৬. ০০১. ২০(অংশ-২)-২০৭ নং প্রজ্ঞাপনের এর মাধ্যমে সময়সূচি জারি করা হয়। দেশে করোনা সংক্রমণ দুর্বিপাকজনিত কারণে ০৪ এপ্রিল ২০২১ তারিখে প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০. ০৩৪.৩৬. ০০১. ২০(অংশ-১)-২৫৭ এর মাধ্যমে উল্লিখিত শূন্য আসনের নির্বাচনের তারিখ পরবর্তীতে যথাসময়ে ঘোষণা করিবার শর্তে জারীকৃত সময়সূচির প্রজ্ঞাপন স্থগিত করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৩ এর দফা (৪) এর শর্তানুসারে জাতীয় সংসদের ২৭৫ লক্ষ্মীপুর-২ শূন্য আসনের নির্বাচন ২৬ জুলাই ২০২০ তারিখের মধ্যে অনুষ্ঠানের সাংবিধানিক বাধ্যবাধকতা থাকায় ২১ জুন ২০২১ তারিখ ভোটগ্রহণের জন্য দিন ধার্য করিয়া স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক নির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

মোঃ হুমায়ুন কবীর খোন্দকার  
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৮৫৯৯)

মূল্য : টাকা ৪.০০